যুগান্তর

তারিখ 10 DEC 2013
পৃষ্ঠা ২ কলাম ৪

শিক্ষক ধর্মঘট অব্যাহত

# হরতাল অবরোধের প্রতিবাদে জাবি ছাত্রলীগের বিক্ষোভ

**জাবি প্রতিনিধি**

১৮ দলীয় জোটের ডাকা হরতাল ও অবরোধের প্রতিবাদে বিক্ষোভ-মিছিল ও সমাবেশ করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ। সোমবার দুপুর ১২টার দিকে বিশ্ববিদ্যালয় পরিবহন চত্বর থেকে ছাত্রলীগ সভাপতি মাহমুদুর রহমান জনি ও সম্পাদক রাজিব আহমেদ রাসেলের নেতৃত্বে মিছিলটি শুরু হয়। ক্যাম্পাস প্রদক্ষিণ করে অমর একুশের পাদদেশে এক সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়। মিছিল-পরবর্তী সমাবেশে জাবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজিব আহমেদ রাসেল বলেন, বিএনপি-জামায়াত হরতাল অবরোধের নামে যেভাবে মানুষ পুড়িয়ে মারছে, জনগণের সম্পদ নষ্ট করছে বাংলার মানুষ তাদের আর গ্রহণ করবে না। বাংলাদেশ ছাত্রলীগ রাজপথে থেকে স্বাধীনতাবিরোধী শক্তিকে প্রতিহত করবেই। বিক্ষোভ মিছিলে শাখা ছাত্রলীগের সহ-সভাপতি আনোয়ার, সুমন, সেতু, যুগ্ম-সম্পাদক রাসেল মাহমুদ, রাসেল হাসান; মিঠুন কুণ্ডু, নিজাম খানসহ দুই শতাধিক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

**শিক্ষক কর্মচারী ফোরামের আন্দোলন অব্যাহত:** এদিকে সিনেট প্যানেল নির্বাচন এবং রিট প্রত্যাহারের দাবিতে আন্দোলন অব্যাহত রেখেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী-কর্মকর্তা-কর্মচারী ঐক্য ফোরাম। প্রশাসনিক ভবন অবরোধ করে সোমবার টানা ১৬তম দিনের মতো ধর্মঘট পালন করছেন তারা। ফলে স্থবির হয়েছে সব প্রশাসনিক কার্যক্রম। তবে ক্লাস পরীক্ষা এ ধর্মঘটের আওতামুক্ত থাকায় একাডেমিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। এ বিষয়ে ঐক্য ফোরামের সদস্য সচিব অধ্যাপক কামরুল আহসান বলেন, রাষ্ট্রপতির নির্দেশনা বাস্তবায়নে সিনেট প্যানেল নির্বাচন এবং রিট প্রত্যাহারের দাবি না মেনে নেয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত থাকবে।